

আইন -১

www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৬.২১.১২৬৫

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৮


২৮ সেপ্টেম্বর ২০২১

বিষয়: নোয়াখালী জেলার হাতিয়া থানাধীন চরকিং ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ ও নির্বাচন
স্থগিত সংক্রান্ত রীট পিটিশন ৭৩৯৬/২০২১ এর আদেশ বাস্তবায়ন ও দফাওয়ারী জবাব প্রসংগে

সূত্র: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৬.২১.১২৬৯ ২৮ সেপ্টেম্বর ২০২১

উপরোক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো হচ্ছে যে, নোয়াখালী জেলার হাতিয়া থানাধীন চরকিং ইউনিয়ন পরিষদের সীমানা নির্ধারণ ও নির্বাচন স্থগিত সংক্রান্ত রীট পিটিশন ৭৩৯৬/২০২১ এর আদেশে সুখচর ও নলচিরার মধ্যে বিধি বহির্ভূতভাবে অন্তর্ভুক্ত করার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ কারন দর্শানো ও বুল জারী এবং আদেশের তারিখ থেকে ৪(চার) সপ্তাহ বা ১৩-১০-২০২১ তারিখের মধ্যে ওয়ার্ড নম্বর ১, ২ ও ৫ এর সীমানা নির্ধারন ও ২০-০৭-২০১৭ তারিখের গেজেট বাতিল করন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেছেন। রীট পিটিশনে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৮(আট) জনকে প্রতিপক্ষ করেছেন। রীটের ৫নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, নোয়াখালী।

২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ এর রীট পিটিশন ৭৩৯৬/২০২১ এর আদেশে সুখচর ও নলচিরার মধ্যে বিধি বহির্ভূত ভাবে অন্তর্ভুক্ত করন প্রজ্ঞাপন বাতিল, ওয়ার্ড নম্বর ১, ২ ও ৫ সীমানা নির্ধারন ও নির্বাচন স্থগিত সংক্রান্ত নির্দেশনা আলোকে দফাওয়ারী জবাব (Statements of Defence) এবং প্রবসংগিক কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্থ জরুরী ভিত্তিতে নিষস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৮-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়

জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৬.২১.১২৬৫/১(৩)

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৮

২৮ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



২৮-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব